এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

দিনাজপুর শিক্ষা বোর্ড—২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও)

'ক' বিভাগ

১. মেসার্স শাহী ট্রেডার্স
রেওয়ামিল
২০১৬ সালের ৩১ ডিসেম্বর

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৩০,০০০	
মূলধন		৮০,০০০
উত্তোলন	১০,০০০	
ইজারা সম্পত্তি (২০ বছর)	৬০,০০০	
৫% ঋণ (১.৭.২০১৫)		৪০,০০০
মজুদ পণ্য (১.১.২০১৬)	২০,০০০	
পণ্য ক্রয় ভ্যাটসহ	৬৯,০০০	
পণ্য বিক্রয় ভ্যাটসহ		১,০৩,৫০০
মজুরি	৮,০০০	
বেতন	১২,০০০	
বিবিধ দেনাদার		১১,৫০০
বিবিধ পাওনাদার	২৮,০০০	
অনাদায়ী দেনা	২,০০০	
অনাদায়ী দেনা সঞ্চিতি		৪,০০০
	২,৩৯,০০০	২,৩৯,০০০

সমন্বয়সমূহ :

(১) সমাপনী মজুদ পণ্য ২৮,০০০ টাকা, যার মধ্যে আগুনে বিনষ্ট ৮,০০০ টাকা। বিমা কোম্পানি ৬,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে।

(২) বাকিতে পণ্য বিক্রয় ৪,৬০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

(৩) বিবিধ দেনাদারের উপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে।

(৪) বিবিধ পাওনাদারের উপর ২% বাট্টা সঞ্চিতি রাখতে হবে।

(ক) রেওয়ামিল দফা থেকে ভ্যাট চলতি হিসাব তৈরি কর। ২

(খ) মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪

(গ) মোট লাভ ৩২,০০০ টাকা হলে লাভ-লোকসান হিসাব তৈরি কর। ৪

২.

আল আমিন ট্রেডার্স
রেওয়ামিল
২০১৬ সালের ৩১ ডিসেম্বর

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৩৫,০০০	
পণ্য ক্রয়	১,২৫,০০০	
পণ্য বিক্রয়		২,০০,০০০
ক্রয় ফেরত		৫০০
বিক্রয় ফেরত	৩৫০	
মজুরি	৩,০০০	
বেতন	১০,০০০	
ভাড়া	৬,০০০	
মনিহারি	১,৬৫০	
মূলধন		১,২৫,০০০
৬% ঋণ (১.৭.২০১৬)		৫০,০০০
উত্তোলন	২৫,০০০	
বিবিধ দেনাদার ও বিবিধ পাওনাদার	১৫,০০০	১১,৫০০
অনাদায়ী দেনা সঞ্চিতি		২,০০০
হাতে নগদ	৩৬,০০০	
বিজ্ঞাপন	৭,০০০	
আসবাবপত্র	১,২৫,০০০	
	৩,৮৯,০০০	৩,৮৯,০০০

সমন্বয়সমূহ :

(১) প্রারম্ভিক মজুদ পণ্যের মধ্যে ৩,০০০ টাকার মনিহারি অন্তর্ভুক্ত রয়েছে। সমাপনী মজুদ পণ্য ৩০,০০০ টাকা, যার মধ্যে ২,০০০ টাকার মনিহারি অন্তর্ভুক্ত রয়েছে।
(২) ৪,০০০ টাকার ধারে ক্রয় হিসাবভুক্ত হয়নি।
(৩) বিবিধ দেনাদারের ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়।
(৪) আসবাবপত্রের উপর ৫% অবচয় ধার্য করতে হবে।
(৫) বিজ্ঞাপনের অর্ধাংশ বিলম্বিত করতে হবে।

(ক) মনিহারি খরচের পরিমাণ কত? ২
(খ) মোট লাভ নির্ণয় কর। ৪
(গ) নীট লাভ ৩২,২৫০ টাকা হলে উদ্বর্তপত্র তৈরি কর। ৪

'খ' বিভাগ

৩. **জনাব সজিব ২০১৬ সালের মার্চ মাসের ১ তারিখে নগদ ৫০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন। উক্ত মাসে তার কারবারে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পাদিত হয়েছিল :**

মার্চ ২ নগদে আসবাবপত্র ক্রয় ৮,০০০ টাকা।
৫ বাকিতে সাপ্লাইজ ক্রয় ৭,০০০ টাকা।

১০ সেবা প্রদান ১৬,০০০ টাকা, যার ৬,০০০ টাকা নগদে পাওয়া গেল।
১৫ বিজ্ঞাপন খরচ প্রদান ৫,৫০০ টাকা।
২০ ৫ তারিখে ধারে ক্রয়কৃত সাপ্লাইজের অর্থ পরিশোধ করা হলো।
২৫ বিনিয়োগের সুদ পাওয়া গেল ৪,০০০ টাকা।
৩০ সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ৪,৫০০ টাকা।

(ক) প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ১, ২, ৫ এবং ১০ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণের প্রভাব টেবুলার ছকে দেখাও। ৪
(গ) ১৫, ২০, ২৫ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা পরিহার কর) ৪

৪. **২০১৬ সালের জুন মাসে তুহিন এন্ড ব্রাদার্স নিম্নলিখিত পণ্য বাকিতে ক্রয় করেছেন :**

জুন ৪ **সিলেটের ঝুমুর ট্রেডার্সের নিকট হতে ক্রয় :**
৩০০ কেজি চা প্রতিকেজি ১০০ টাকা দরে। প্যাকিং ও পরিবহন খরচ ৪০০ টাকা। কারবারি বাট্টা ১০%, চালান নং-৭।

১৪ **রাজশাহীর মোহিনী ট্রেডার্সের নিকট হতে ক্রয় :**
৩০০ পাউন্ড গুঁড়া দুধ প্রতি পাউন্ড ১০০ টাকা দরে; প্যাকিং খরচ ২০০ টাকা। কারবারি বাট্টা ১০%, চালান নং-১০।

২০ **চট্টগ্রামের রুহি ট্রেডার্সের নিকট হতে ক্রয় :**
২০০ কেজি চিনি প্রতিকেজি ৭০ টাকা দরে। প্যাকিং খরচ ২০০ টাকা। কারবারি বাট্টা ১০%, চালান নং-১৫।

৩০ **খুলনার নবাব ট্রেডার্সের নিকট হতে ক্রয় :**
২০০ লিটার সয়াবিন তেল প্রতি লিটার ৯০ টাকা দরে। কারবারি বাট্টা ১০%, চালান নং-২০। ক্রেতাকে ক্রয়মূল্যের উপর ১৫% ভ্যাট প্রদান করতে হয়।

(ক) প্রদত্ত ভ্যাটের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপরোক্ত লেনদেনগুলো তুহীন এন্ড ব্রাদার্সের ক্রয় বইতে লিপিবদ্ধ কর। ৪
(গ) উপরোক্ত লেনদেনগুলো হতে প্রয়োজনীয় সহকারী খতিয়ান তৈরি কর। ৪

৫. মি. রুহুল আমিন ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৬০,০০০ টাকা; ১০,০০০ টাকার পণ্য এবং ১০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসা শুরু করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সুসম্পন্ন হয়েছে :

জানুয়ারি	৪	ব্যাংকে জমা দেওয়া হলো	১০,০০০
	৭	কারবারের জন্য আসবাবপত্র ক্রয় করা হলো	১৫,০০০
	১২	ব্যাংক থেকে ঋণ নেওয়া হলো	৩০,০০০
	১৪	আসাদের নিকট হতে মাল ক্রয়	১০,০০০
	১৬	নগদে পণ্য বিক্রয়	৪০,০০০
	২০	মালিক কর্তৃক পণ্য উত্তোলন	৪,০০০
	২২	প্রাপ্য বিলের মাধ্যমে পণ্য বিক্রয়	২০,০০০
	২৮	২,০০০ টাকা সুদসহ ব্যাংক ঋণ পরিশোধিত হয়	
	৩০	ব্যাংক হতে উত্তোলন করা হয়	১০,০০০

(ক) যে সমস্ত দফা নগদান বহিতে যাবে না তার পরিমাণ কত? ২
(খ) ১, ২০, ২২ ও ২৮ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪
(গ) নগদান বই তৈরি কর। ৪

৬. জনাব রহিম তার ব্যবসায়িক কার্যাবলি সম্পাদনের জন্য ২০১২ সালের ১ জানুয়ারি তারিখে ৪,৭৫,০০০ টাকা মূল্যের একটি মোটর গাড়ি ক্রয় করে। উক্ত গাড়িটির রেজিস্ট্রেশন বাবদ খরচ হয় ২৫,০০০ টাকা। অনুমান করা হয় গাড়িটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,০০,০০০ টাকা। ২০১৪ সালের ১ অক্টোবর তারিখে গাড়িটি ৩,৬৫,০০০ টাকায় বিক্রয় করে। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

(ক) মটর গাড়ি বিক্রয়জনিত লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ২০১২ থেকে ২০১৪ পর্যন্ত অবচয় হিসাব তৈরি কর। ৪

(গ) ২০১২ থেকে ২০১৪ পর্যন্ত মটর গাড়ি হিসাব তৈরি কর। ৪

৭. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে একজন ব্যবসায়ীর খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ ছিল :

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মূলধন	২,০০,০০০	কলকব্জা	১,৬০,০০০
প্রদেয় বিল	৩৪,০০০	মজুরি	১০,০০০
শিক্ষানবিশ সেলামি	২০,০০০	ক্রয়	৯০,০০০
বিবিধ পাওনাদার	৩০,০০০	বিক্রয়	১,৫০,০০০
ট্রেডমার্ক	১,০০,০০০	ডকচার্জ	৯,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৪৬,০০০	আমদানি শুল্ক	১০,০০০
বিবিধ দেনাদার	৫০,০০০	হাতে নগদ	৫১,০০০

(ক) মুনাফা জাতীয় আয় নির্ণয় কর। ২

(খ) খতিয়ান উদ্বৃত্তগুলো নিয়ে একটি রেওয়ামিল তৈরি কর। ৪

(গ) যে সমস্ত দফাগুলো মালিকানা স্বত্ব প্রভাবিত করে, তা বিবেচনায় নিয়ে মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

৮. একজন ব্যবসায়ীর প্রাপ্য হিসাব সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

	টাকা
অনাদায়ী পাওনা সঞ্চিতি (১.১.১৬)	১০,০০০
অনাদায়ী দেনা হিসাবভুক্ত হয়েছে	৪,০০০
অনাদায়ী দেনা হিসাবভুক্ত করতে হবে	৩,০০০
প্রাপ্য হিসাব (১.১.২০১৬)	৪৩,০০০
চলতি বছরে বাকিতে বিক্রয়	৬০,০০০

[illegible] হিসাবের উপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(ক) ২০১৬ সালের নতুন পাওনা সঞ্চিতির পরিমাণ কত? ২

(খ) অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত জাবেদা লিখ। ৪

(গ) অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর। ৪

৯. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে একজন ব্যবসায়ীর হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যাবলি নেওয়া হয়েছে :

(১) ব্যাংক বিবরণী (পাস বই) অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।

(২) ৮,৫০০ টাকার চেক ইস্যু করা হয়েছে, যা ব্যাংকে উপস্থাপিত হয়নি।

(৩) ৬,৫০০ টাকার চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে, যা এখনও ব্যাংক কর্তৃক আদায় হয়নি।

(৪) দেনাদার কর্তৃক সরাসরি জমানদান ৪,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।

(৫) ব্যাংক প্রাপ্য বিলের টাকা আদায় করেছে ৩,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।

(৬) ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ৪৫০ টাকা এবং ধার্যকৃত চার্জ ৫০০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

(ক) ৪নং ও ৫নং দফার লেনদেনগুলোর জন্য আমানতকারীর বইতে জাবেদা দাও। ২

(খ) কেবলমাত্র ব্যাংক বিবরণীতে লেখা হয়েছে এমন লেনদেনসমূহের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উপরোক্ত লেনদেনগুলো বিবেচনায় নিয়ে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

১০. **নিম্নের রেওয়ামিলটি মোহিনী ট্রেডার্সের হিসাব বহি হতে নেওয়া হয়েছে :**

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অগ্রিম ভাড়া	২০,০০০	
প্রাপ্য হিসাব	৮০,০০০	
অফিস সরঞ্জাম	১,০০,০০০	
প্রদেয় হিসাব		৪০,০০০
মূলধন		৮০,০০০
সেবা আয়		১,৪০,০০০
বেতন	৩০,০০০	
অফিস খরচ	১৫,০০০	
	২,৬০,০০০	২,৬০,০০০

সমন্বয়সমূহ :

(১) বেতন বকেয়া আছে ১০,০০০ টাকা।
(২) অগ্রিম ভাড়া ১২,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
(৩) অনুপার্জিত সেবা আয় ১০,০০০ টাকা সেবা আয়ের অন্তর্ভুক্ত আছে।
(৪) অফিস সরঞ্জামের ১০% হারে অবচয় ধার্য কর।

(ক) মুনাফা জাতীয় খরচের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) সমন্বয় জাবেদা দাও। ৪

(গ) দশঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর। ৪

১১. **জনাব করিম একজন খুচরা ব্যবসায়ী। তিনি তার হিসাব বহি দু'তরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী সংরক্ষণ করেন না। নিম্নের তথ্যাবলি তার হিসাব বহি থেকে নেওয়া হয়েছে :**

বিবরণ	১.১.২০১৬ টাকা	৩১.১২.২০১৬ টাকা
নগদ তহবিল	২,০০০	৬,০০০
প্রাপ্য হিসাব	১২,০০০	১৪,০০০
প্রদেয় হিসাব	৬,০০০	৯,০০০
মজুদ পণ্য	১৫,০০০	২০,০০০
১২% বিনিয়োগ (১.৬.২০১৫)		২০,০০০
আসবাবপত্র	১০,০০০	১০,০০০

জনাব করিম নগদ ১০,০০০ টাকা এবং ২,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। এ ছাড়াও তিনি কারবার হতে তার ছেলের স্কুলের বেতন ১,০০০ টাকা প্রদান করেন। উত্তোলনের অর্থ দ্বারা ৮,০০০ টাকা মূল্যের একটি ডেলিভারি ভ্যান ক্রয় করেন।

অন্যান্য তথ্যাবলি :

i. আসবাবপত্রের উপর ৫% অবচয় ধার্য কর।
ii. বিনিয়োগের সুদ এখনও অনাদায়ী রয়েছে।
iii. প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি কর।

(ক) মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) প্রারম্ভিক মূলধন ও সমাপনী মূলধন নির্ণয় কর। ৪

(গ) উপরোক্ত তথ্যের ভিত্তিতে কারবারের নীট মুনাফা নিরূপণ কর। ৪

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩

সময় ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. কোন পদ্ধতিতে প্রতি বছর সমান পরিমাণ অর্থ অবচয় হিসাবে ধার্য করা হয়?
ক বর্ষ সংখ্যার সমষ্টি পদ্ধতি
খ ক্রমহ্রাসমান জের পদ্ধতি
গ সরলরৈখিক পদ্ধতি
ঘ উৎপাদন একক পদ্ধতি

২. নিচের কোনটি প্রতিষ্ঠানের অন্তর্দায়?
ক ঋণপত্র খ প্রদেয় হিসাব
গ মূলধন ঘ ব্যাংক জমাতিরিক্ত

৩. প্রতি মাসের শেষ তারিখে মালিক কারবার হতে নির্দিষ্ট পরিমাণ অর্থ উত্তোলন করলে কয় মাসের উত্তোলনের সুদ ধার্য করা হয়?
ক ৫ মাস খ ৫.৫ মাস
গ ৬ মাস ঘ ৬.৫ মাস

৪. কোন ধরনের ক[illegible] প্রতিষ্ঠানে একতরফা দাখিলা পদ্ধতিতে হিসা[illegible] করা হয়?
ক ক্ষুদ্র একম[illegible]
খ অংশীদারি
গ সমবায় সমি[illegible] [illegible]থ মূলধনী কারবার

নিচের উদ্দীপকটি পড় এবং [illegible] প্রশ্নের উত্তর দাও:

২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে জনাব মিজানের মোট সম্পদ ২,২০,০০০ টাকা এবং মোট দায় ৯০,০০০ টাকা। ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে মোট সম্পদ ২,৭০,০০০ টাকা এবং মোট দায় ১,০০,০০০ টাকা।

৫. ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে প্রারম্ভিক মূলধন কত ছিল?
ক ৩,১০,০০০ টাকা খ ২,২০,০০০ টাকা
গ ১,৩০,০০০ টাকা ঘ ৫০,০০০ টাকা

৬. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে জনাব মিজানের মুনাফা কত টাকা?
ক ৪০,০০০ টাকা খ ৩০,০০০ টাকা
গ ২০,০০০ টাকা ঘ ১০,০০০ টাকা

৭. আন্তর্জাতিক হিসাব মান-০১ (IAS-01) অনুযায়ী আর্থিক বিবরণী কয়টি অংশে প্রস্তুত করা হয়?
ক ৬টি খ ৫টি
গ ৪টি ঘ ৩টি

৮. ব্যবসায়ের পরিচালন ব্যয়—
i. [illegible] ক্রয়
ii. বিজ্ঞাপন খরচ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. বিক্রিত পণ্যের ব্যয়ের সাথে মোট লাভ যোগ করলে কী পাওয়া যায়?
ক ক্রয় খ বিক্রয়
গ পরিচালন ব্যয় ঘ পরিচালন আয়

১০. যমুনা ট্রেডার্সের রেওয়ামিলে ১০ মাসের বেতন ১২,০০০ টাকা দেওয়া আছে। যমুনা ট্রেডার্সের বকেয়া বেতনের পরিমাণ কত?
ক ১,২০০ টাকা খ ২,৪০০ টাকা
গ ৪,০০০ টাকা ঘ ১৪,৪০০ টাকা

১১. যন্ত্রপাতি ক্রয়কে পণ্য ক্রয় হিসাবে দেখানো হলে আয় বিবরণীতে কী প্রভাব পড়বে?
ক মোট মুনাফা কমবে খ মোট মুনাফা বাড়বে
গ পরিচালন ব্যয় বাড়বে ঘ পরিচালন ব্যয় কমবে

নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও:

২০১৫ সালের ৩১ ডিসেম্বর শাপলা ট্রেডার্সের প্রাপ্য হিসাবের পরিমাণ ছিল ৬০,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ও ২% বাট্টা সঞ্চিতি সৃষ্টি করতে হবে।

১২. শাপলা ট্রেডার্সের অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত?
ক ৩,১০০ টাকা খ ৩,০০০ টাকা
গ ২,৯০০ টাকা ঘ ২,৮০০ টাকা

১৩. যদি ২০১৫ সালে হিসাবভুক্ত হয়নি এমন অনাদায়ী পাওনার পরিমাণ ৪,০০০ টাকা হয়, তবে বাট্টা সঞ্চিতির পরিমাণ কত?
ক ১,২০০ টাকা খ ১,১৬০ টাকা
গ ১,০৮০ টাকা ঘ ১,০২৬ টাকা

১৪. ক্রয় সংক্রান্ত খরচ কোনটি?
ক বিমা খরচ খ ক্রয় পরিবহন
গ ভ্রমণ খরচ ঘ ক্রয় বাট্টা

১৫. স্থায়ী সম্পদ হলো–
i. ভূমি ও দালানকোঠা
ii. যন্ত্রপাতি ও আসবাবপত্র
iii. বিনিয়োগ ও ব্যাংক জমা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. নিচের কোনটি হিসাবচক্রের ধাপ নয়?
ক জাবেদা খ খতিয়ান
গ নগদান বই ঘ রেওয়ামিল

১৭. লুকা প্যাসিওলি পেশায় কী ছিলেন?
ক ধর্মযাজক খ চিকিৎসক
গ বৈজ্ঞানিক ঘ জ্যোতির্বিদ

নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও:
মি. আসাদ চেকের মাধ্যমে ৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করেন। তিনি চেকটি তার নিজস্ব ব্যাংক হিসাবে আদায়ের জন্য জমা করেন। পরবর্তীতে চেকটি অমর্যাদাকৃত হয়ে ফেরত আসে।

১৮. মি. আসাদের অমর্যাদাকৃত চেকটি কোন বইতে লিপিবদ্ধ হবে?
ক নগদান বই খ ক্রয় বই
গ বিক্রয় বই ঘ বহিঃফেরত বই

১৯. মি. আসাদের চেক অমর্যাদার লেনদেনটি প্রভাবিত করবে–
i. প্রদেয় হিসাব
ii. প্রাপ্য হিসাব
iii. বিক্রয় হিসাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. নিচের কোনটি তৈরি করা ঐচ্ছিক?
ক খতিয়ান খ নগদান বই
গ আর্থিক বিবরণী ঘ কার্যপত্র

২১. জনাব রাব্বির ব্যবসায়ের দায় ৮,০০০ টাকা এবং স্বত্বাধিকার ১০,০০০ টাকা। মোট সম্পত্তির পরিমাণ কত?
ক ২,০০০ টাকা খ ৮,০০০ টাকা
গ ৯,০০০ টাকা ঘ ১৮,০০০ টাকা

২২. ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন কোন ধরনের হিসাব?
ক মূলধন খ সম্পদ
গ দায় ঘ উত্তোলন

২৩. যে ঘটনার দ্বারা দুটি পক্ষের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটে তাকে কী বলে?
ক লেনদেন খ হিসাব
গ খতিয়ান ঘ রেওয়ামিল

২৪. মালিক কর্তৃক পণ্য উত্তোলন করলে কী জাবেদা হবে?
ক উত্তোলন ডেবিট বিক্রয় ক্রেডিট
খ উত্তোলন ডেবিট ক্রয় ক্রেডিট
গ উত্তোলন ডেবিট নগদান ক্রেডিট
ঘ উত্তোলন ডেবিট মূলধন ক্রেডিট

নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:
মি. কামাল একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি বিক্রয়ের উদ্দেশ্যে ৫,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন এবং ৫০০ টাকা পরিবহন খরচ প্রদান করেন।

২৫. মি. কামালের আসবাবপত্র ক্রয়ের ঘটনাটি কোন ধরনের ব্যয়?
ক মূলধনজাতীয় ব্যয় খ মুনাফাজাতীয় ব্যয়
গ স্থায়ী ব্যয় ঘ পরিচালন বয়

২৬. মি. কামালের আসবাবপত্র ক্রয়ের ফলে হিসাব সমীকরণের উপর কী প্রভাব পড়বে?
ক সম্পদ কমবে মূলধন কমবে
খ সম্পদ বাড়বে দায় বাড়বে
গ সম্পদ কমবে মূলধন বাড়বে
ঘ সম্পদ বাড়বে দায় কমবে

নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:
পদ্মা ট্রেডার্সের হিসাবরক্ষক ৫০,০০০ টাকার আসবাবপত্র কিনে ক্রয় হিসাবে ৪০,০০০ টাকা লিখেন এবং ৭০,০০০ টাকার অফিস সরঞ্জাম কিনে অফিস সরঞ্জাম হিসাবে ৬০,০০০ টাকা লিখেন।

২৭. আসবাবপত্র ক্রয়কে ক্রয় হিসাবে লিখা কোন ধরনের ভুল?
ক বাদপড়া খ নীতিগত
গ পরিপূরক ঘ লেখার

২৮. উদ্দীপকে উল্লিখিত দুটি ভুলের জন্য রেওয়ামিলে কত টাকার গড়মিল দেখা দিবে?
ক ০০ টাকা খ ১০,০০০ টাকা
গ ২০,০০০ টাকা ঘ ৪০,০০০ টাকা

২৯. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখা হয়?
ক বস্তুনিষ্ঠ খ আয়-ব্যয় সংযোগ
গ রক্ষণশীলতা ঘ সামঞ্জস্যতা

৩০. আর্থিক বিবরণীকে সর্বজনগ্রাহ্য করার জন্য রচিত নীতিকে কী বলে?
ক GAAP খ GAAS
গ GAAT ঘ IASC